



কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

কম্পিটেন্সি বেজড ট্রেনিং অ্যান্ড অ্যাসেসমেন্ট (CBT&A) মেথডোলজি
লেভেল - ০৪

মডিউল শিরোনামঃ সক্ষমতাভিত্তিক অ্যাসেসমেন্ট সংগঠিত এবং পরিচালনা করা
(Module name: Organize and Conduct Competency Based Assessment)



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। সিবিটিঅ্যান্ডএ মেথডোলজি এর অন্যতম ইউনিট হচ্ছে সক্ষমতাভিত্তিক অ্যাসেসমেন্ট সংগঠিত এবং পরিচালনা করা এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুত করা, প্রার্থীকে প্রস্তুত করা, অ্যাসেসমেন্ট সম্পন্ন করা এবং একজন দক্ষ কর্মীর জন্য প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্রে, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

১৬ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত ৯ম কার্যনির্বাহী কমিটির সভায় অনুমোদিত।

উপ-পরিচালক (প্রশাসন)
এবং কার্যনির্বাহী কমিটির সভায় সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।

সূচিপত্র

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	i
মডিউলের বিষয়বস্তু.....	1
শিখনফল (Learning Outcome)-১১.১: অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুত করতে পারবে।.....	3
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities).....	4
ইনফরমেশন শিট (Information Sheet): ১১.১.....	5
সেলফ চেক (Self Check)-১১.১.....	7
উত্তরপত্র (Answer Key)-১১.১.....	8
জব-শিট (Job Sheet)-১১.১.....	9
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities):.....	13
ইনফরমেশন শিট (Information Sheet): ১১.২.....	14
সেলফ চেক (Self Check)- ১১.২.....	23
উত্তরপত্র (Answer key)- ১১.২.....	24
শিখনফল (Learning Outcome)- ১১.৩: অ্যাসেসমেন্ট সম্পন্ন করতে পারবে।.....	25
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities):.....	26
ইনফরমেশন শিট (Information sheet): ১১.৩.....	27
সেলফ চেক (Self Check) - ১১.৩.....	31
উত্তরপত্র (Answer Key)- ১১.৩.....	32
জব শিট (Job Sheet)-১১.৩.....	33
শিখনফল (Learning Outcome)- ১১.৪: এভিডেন্স সংগ্রহ করতে পারবে।.....	36
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities).....	37
ইনফরমেশন শিট (Information sheet): ১১.৪.....	38
সেলফ চেক (Self Check) - ১১.৪.....	42
উত্তরপত্র (Answer Key)- ১১.৪.....	43
শিখনফল (Learning Outcome)-১১.৫: ফিডব্যাক প্রদান সহ অ্যাসেসমেন্টের ফলাফলের সিদ্ধান্ত নিতে পারবে।.....	44
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities).....	45
ইনফরমেশন শিট (Information sheet): ১১.৫.....	46
সেলফ চেক (Self Check) - ১১.৫.....	50
উত্তরপত্র (Answer Key)- ১১.৫.....	51
জব শিট (Job Sheet)- ১১.৫.....	52
শিখনফল (Learning Outcome)-১১.৬: অ্যাসেসমেন্ট সিদ্ধান্ত রেকর্ড এবং রিপোর্ট করতে পারবে।.....	53
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities):.....	54
ইনফরমেশন শিট (Information sheet): ১১.৬.....	55
সেলফ চেক (Self Check) – ১১.৬.....	57
উত্তরপত্র (Answer Key)- ১১.৬.....	58
দক্ষতা পর্যালোচনা (Review of Competency).....	59

মডিউলের বিষয়বস্তু

মডিউল (১১): সক্ষমতাভিত্তিক অ্যাসেসমেন্ট সংগঠিত এবং পরিচালনা করা।

মডিউলের বর্ণনা: সক্ষমতাভিত্তিক অ্যাসেসমেন্ট সংগঠিত এবং পরিচালনা করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (Knowledge, Skills and Attitude) সম্পর্কিত বিষয়সমূহ এই মডিউল এ অর্ন্তভুক্ত করা হয়েছে। এতে বিশেষ করে অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুত করা, প্রার্থীকে প্রস্তুত করা, অ্যাসেসমেন্ট সম্পন্ন করা, এভিডেন্স সংগ্রহ করা, ফিডব্যাক প্রদান সহ অ্যাসেসমেন্টের সিদ্ধান্ত এবং সিদ্ধান্তের রেকর্ড, রিপোর্ট করার দক্ষতা সমূহ অর্ন্তভুক্ত করা হয়েছে।

নমিনাল সময়: ২৮ ঘন্টা।

শিখনফল: এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা-

- ১১.১ অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুত করতে পারবে।
- ১১.২ প্রার্থীকে প্রস্তুত করতে পারবে।
- ১১.৩ অ্যাসেসমেন্ট সম্পন্ন করতে পারবে।
- ১১.৪ এভিডেন্স সংগ্রহ করতে পারবে।
- ১১.৫ ফিডব্যাক প্রদান সহ অ্যাসেসমেন্ট এর সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।
- ১১.৬ অ্যাসেসমেন্ট এর সিদ্ধান্ত রেকর্ড এবং রিপোর্ট করতে পারবে।

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া:

- ১১.১.১ এভিডেন্স গাইড অনুসারে অ্যাসেসমেন্ট ভেন্যুতে অ্যাসেসমেন্ট পরিচালনার জন্য চাহিদাসমূহ চিহ্নিত এবং ব্যবস্থা করা হয়েছে।
- ১১.১.২ এভিডেন্স গাইড ও অ্যাসেসমেন্ট টুলে বর্ণিত প্রয়োজনীয় টুল, ইকুইপমেন্ট, মেশিন এবং উপকরণের ব্যবস্থা করা হয়েছে।
- ১১.১.৩ নিরাপদ ও অ্যাসেসমেন্ট উপযোগী পরিবেশে রিসোর্সসমূহ পরীক্ষা করে স্থাপন করা হয়েছে।
- ১১.১.৪ প্রতিষ্ঠানের পদ্ধতির সাথে কমপ্লায়েন্স নিশ্চিত করতে অ্যাসেসমেন্টের পদ্ধতি ও ব্যয় পরীক্ষা করা হয়েছে।
- ১১.১.৫ প্রতিষ্ঠানের নীতি ও পদ্ধতি অনুযায়ী যথাযথ ব্যক্তিকে অ্যাসেসমেন্ট কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়েছে।
- ১১.১.৬ অ্যাসেসমেন্ট পরিচালনার জন্য প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির নিকট অ্যাসেসমেন্ট প্লান ব্যাখ্যা করে প্রাতিষ্ঠানিক/আইনি ও নৈতিক সম্মতি নিশ্চিত করা হয়েছে।
- ১১.২.১ অ্যাসেসমেন্টের পরিকল্পনা ও প্রক্রিয়া সামগ্রিকভাবে ব্যাখ্যা করা হয়েছে।
- ১১.২.২ প্রশিক্ষার্থীকে অ্যাসেসমেন্টের সুযোগ সুবিধার সাথে অর্ন্তভুক্ত রিজেনবল অ্যাডজাস্টমেন্ট (Reasonable Adjustment), পুনঃ অ্যাসেসমেন্ট এবং আপিল সম্পর্কিত বিষয়গুলো ব্যাখ্যা করা হয়েছে।
- ১১.২.৩ অ্যাসেসমেন্ট গাইড লাইনের সাথে সামঞ্জস্য রেখে প্রশিক্ষার্থীকে কাছে অ্যাসেসমেন্টের প্রেক্ষাপট ও উদ্দেশ্য ব্যাখ্যা করা হয়েছে।
- ১১.২.৪ অ্যাসেসমেন্ট গাইডলাইনের সাথে সামঞ্জস্য রেখে অ্যাসেসমেন্ট সম্পর্কিত আইনি ও নৈতিক দায়িত্বগুলো প্রশিক্ষার্থীর নিকট ব্যাখ্যা করা হয়েছে।
- ১১.২.৫ সহায়ক অ্যাসেসমেন্ট পরিবেশ সৃষ্টির লক্ষ্যে মৌখিক ও অ-মৌখিক ভাষা ব্যবহার করে তথ্য প্রদান করা হয়েছে।
- ১১.২.৬ অ্যাসেসমেন্টের জন্য যে কম্পিউটার ও এভিডেন্স দরকার তা প্রার্থীকে স্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে।
- ১১.৩.১ প্রশিক্ষার্থীর সংখ্যা ও লেভেল অনুযায়ী অ্যাসেসমেন্ট টুল সংগ্রহ ও ব্যবহার করা হয়েছে।
- ১১.৩.২ প্রয়োজন অনুযায়ী রিজেনবল অ্যাডজাস্টমেন্ট নিশ্চিত করা হয়েছে।

- ১১.৩.৩ অ্যাসেসমেন্ট পরিকল্পনা অনুযায়ী অ্যাসেসমেন্ট টুল ব্যবহার করে অ্যাসেসমেন্ট সম্পন্ন ও এভিডেন্স সংগ্রহ করা হয়েছে।
- ১১.৩.৪ স্ট্যান্ডার্ড অনুযায়ী বর্তমান দক্ষতা ও পূর্বের অভিজ্ঞতা নির্ধারণ করে যোগ্য ঘোষণা/স্বীকৃতি দেওয়া হয়েছে।
- ১১.৩.৫ প্রশিক্ষণার্থীদের বৈশিষ্ট্য ও প্রোফাইল নথিভুক্ত করা হয়েছে।
- ১১.৪.১ অ্যাসেসমেন্ট এভিডেন্স সংগ্রহের ক্ষেত্রে অ্যাসেসমেন্ট নীতিমালা এবং এভিডেন্সের বিধি প্রয়োগ করা হয়েছে।
- ১১.৪.২ কম্পিউটারে নির্ধারণের জন্য স্বীকৃত অ্যাসেসমেন্ট পদ্ধতি এবং ইন্সট্রুমেন্ট ব্যবহার করা হয়েছে।
- ১১.৪.৩ অ্যাসেসমেন্ট গাইডলাইনের সাথে সামঞ্জস্য রেখে এভিডেন্স সংগ্রহের পদ্ধতিতে রিজেনবল অ্যাডজাস্টমেন্ট অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ১১.৪.৪ এভিডেন্স গাইডে বর্ণিত অ্যাসেসমেন্ট পদ্ধতি ব্যবহার করে এভিডেন্স সংগ্রহ করা হয়েছে।
- ১১.৪.৫ অ্যাসেসমেন্ট টুল এবং অ্যাসেসমেন্ট গাইড অনুসারে সংগৃহীত এভিডেন্সসমূহ নথিভুক্ত করা হয়েছে।
- ১১.৫.১ সংগৃহীত এভিডেন্সসমূহ পরীক্ষা করা হয়েছে এবং অনুমোদিত অ্যাসেসমেন্ট প্লানের সাথে সামঞ্জস্য রেখে অ্যাসেসমেন্টের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।
- ১১.৫.২ এভিডেন্সের নিয়ম এবং কম্পিউটারে ডাইমেনশনের সাপেক্ষে এভিডেন্সসমূহ মূল্যায়ন করা হয়েছে।
- ১১.৫.৩ এভিডেন্সের ভিত্তিতে মূল্যায়নের সিদ্ধান্ত নেয়া হয়েছে।
- ১১.৫.৪ প্রশিক্ষণার্থীকে অ্যাসেসমেন্টের সিদ্ধান্ত অবহিত করা এবং গঠনমূলক ফিডব্যাক প্রদান করা হয়েছে।
- ১১.৫.৫ কম্পিউটারে গ্যাপসমূহ পূরণ করার উপায়গুলো প্রশিক্ষণার্থীদের বর্ণনা করা হয়েছে।
- ১১.৫.৬ পলিসি ও প্রসিডিউরের সাথে সামঞ্জস্য রেখে প্রশিক্ষণার্থীদের পুনঃঅ্যাসেসমেন্টের বিষয়ে উপদেশ প্রদান করা হয়েছে।
- ১১.৬.১ রেকর্ড কিপিং গাইডলাইন অনুসারে অ্যাসেসমেন্ট ফলাফল রেকর্ড করা হয়েছে।
- ১১.৬.২ পলিসি ও গাইডলাইনের ভিত্তিতে এভিডেন্স সংগ্রহ রাখা হয়েছে।
- ১১.৬.৩ নীতিমালা ও গাইডলাইন অনুসারে সনদ প্রদানের ব্যবস্থা করা হয়েছে।
- ১১.৬.৪ অ্যাসেসমেন্ট সিদ্ধান্তের বিরুদ্ধে প্রার্থী কর্তৃক উত্থাপিত আপত্তি রেকর্ড করে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে রিপোর্ট করা হয়েছে।
- ১১.৬.৫ পলিসি ও প্রসিডিউর অনুসারে অ্যাসেসমেন্টের ফলাফল দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নিকট রিপোর্ট করা হয়েছে।

শিখনফল (Learning Outcome)-১১.১: অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুত করতে পারবে।

বিষয়বস্তু (Contents):

- অ্যাসেসমেন্ট ভেন্যু
- রিসোর্সসমূহ
- এভিডেন্স গাইড
- অ্যাসেসমেন্ট মেথড

মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):

১. এভিডেন্স গাইড অনুসারে অ্যাসেসমেন্ট ভেন্যুতে অ্যাসেসমেন্ট পরিচালনার জন্য চাহিদাসমূহ চিহ্নিত এবং ব্যবস্থা করা হয়েছে।
২. এভিডেন্স গাইড ও অ্যাসেসমেন্ট টুলে বর্ণিত প্রয়োজনীয় টুল, ইকুইপমেন্ট, মেশিন এবং উপকরণের ব্যবস্থা করা হয়েছে।
৩. নিরাপদ ও অ্যাসেসমেন্ট উপযোগী পরিবেশে রিসোর্সসমূহ পরীক্ষা করে স্থাপন করা হয়েছে।
৪. প্রতিষ্ঠানের পদ্ধতির সাথে কমপ্লায়েন্স নিশ্চিত করতে অ্যাসেসমেন্টের পদ্ধতি ও ব্যয় পরীক্ষা করা হয়েছে।
৫. প্রতিষ্ঠানের নীতি ও পদ্ধতি অনুযায়ী যথাযথ ব্যক্তিকে অ্যাসেসমেন্ট কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়েছে।
৬. অ্যাসেসমেন্ট পরিচালনার জন্য প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির নিকট অ্যাসেসমেন্ট প্লান ব্যাখ্যা করে প্রাতিষ্ঠানিক/আইনি ও নৈতিক সম্মতি নিশ্চিত করা হয়েছে।

শর্তাবলী (Conditions):

কাজের সময় প্রশিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

- প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
- ওএসএইচ স্ট্যান্ডার্ড
- স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর
- ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- হোয়াইট বোর্ড ও মার্কার
- ইন্টারনেট ফ্যাসিলিটিস

শিখন উপকরণ (Learning Materials):

- সিবিএলএম
- হ্যান্ডআউটস
- বই, ম্যানুয়াল
- মডিউল / রেফারেন্স
- কাগজ
- কলম

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
<ul style="list-style-type: none">• অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুত করা।	<ul style="list-style-type: none">• অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুত করার জন্য তথ্য শীট ১১.১ পড়তে হবে।• প্রশিক্ষণার্থীগণ নিজেকে যাচাই করার জন্য (Self Check) ১১.১ এ উত্তর প্রদান করবেন।• উত্তরপত্রের (১১.১) সাথে নিজের উত্তর মিলিয়ে দেখবেন।• অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুত করার জন্য জব শীট ১১.১ অনুশীলন করতে হবে।

ইনফরমেশন শীট (Information Sheet): ১১-১

অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুত করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে প্রশিক্ষণার্থীগণ-

- অ্যাসেসমেন্ট ভেন্যুতে অ্যাসেসমেন্ট পরিচালনার জন্য প্রয়োজনীয়তাগুলো এভিডেন্স গাইড অনুসারে সনাক্ত করতে পারবে।
- এভিডেন্স গাইড ও অ্যাসেসমেন্ট টুলে বর্ণিত প্রয়োজনীয় টুল, ইকুইপমেন্ট, মেশিন এবং উপকরণ সম্পর্কে জানতে পারবে।
- কর্মক্ষেত্রের পলিসি ও প্রসিডিউর অনুযায়ী অ্যাসেসমেন্ট কার্যক্রম সম্পর্কে জানতে পারবে।

স্কিলস ট্রেনিং প্রোভাইডার (এসটিপি)- এসটিপি হলো একটি সংস্থা যা জাতীয় দক্ষতা কাঠামো অনুযায়ী বিভিন্ন অকুপেশনে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থা করে এবং জাতীয় দক্ষতা মান অনুযায়ী সনদ প্রাপ্তির লক্ষ্যে এনএসডিএ কর্তৃক অ্যাসেসমেন্টের সুযোগ সৃষ্টি করে দেয়।

কর্মক্ষেত্রঃ কর্মক্ষেত্র হলো একটি স্থান বা চাকুরির স্থান যেখানে যে কোন ব্যক্তি কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়ে কাজ করে।

অ্যাসেসমেন্ট টুলঃ অ্যাসেসমেন্ট টুল হলো একটি ডকুমেন্ট সেট যা ব্যবহার করে অ্যাসেসর অ্যাসেসমেন্ট পরিচালনা করে। এটি এভিডেন্স সংগ্রহের জন্য ব্যবহৃত হয়। যেমন- জব শিট, স্পেসিফিকেশন সিট, অবজারভেশন চেকলিস্ট, সেলফ-চেক ইত্যাদি।

ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামঃ পিপিই হলো এমন সুরক্ষা সরঞ্জাম যা ব্যবহারকারীকে কর্মক্ষেত্রে নিরাপত্তা ও স্বাস্থ্যগত সকল ঝুঁকি হতে রক্ষা করে। যেমন- হেলমেট, গ্লোভস, চোখের সুরক্ষা, সুরক্ষা জুতা, হারনেস ইত্যাদি।

অভিযোজিত প্রযুক্তিঃ সহায়ক প্রযুক্তিকে অভিযোজিত প্রযুক্তি বলা হয়। অভিযোজিত প্রযুক্তি হলো বাণিজ্যিক বা সংশোধিত পণ্য, ডিভাইস বা ইকুইপমেন্ট যা বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের কার্যকরী ক্ষমতা বজায় রাখতে, বৃদ্ধি করতে বা উন্নত করতে ব্যবহৃত হয়। যেমন- হইল চেয়ার, শোনার যন্ত্র ইত্যাদি।

অ্যাসেসমেন্টঃ স্বীকৃত কম্পিউট্রি স্ট্যান্ডার্ডের ভিত্তিতে কম্পিউট্রি অর্জিত হয়েছে কিনা তার জন্য এভিডেন্স সংগ্রহ করা এবং সিদ্ধান্ত গ্রহণ করার প্রক্রিয়াকে অ্যাসেসমেন্ট বলা হয়।

অ্যাসেসমেন্ট সেন্টার- অ্যাসেসমেন্ট সেন্টার এমন একটি স্থান যেখানে অ্যাসেসমেন্ট গাইডলাইন অনুসারে প্রার্থীদের অ্যাসেসমেন্ট করা হয়। এটি শুধু অ্যাসেসমেন্টের জন্য ব্যবহৃত হয় কিন্তু প্রশিক্ষণের জন্য নয়।

অ্যাসেসমেন্ট ভেন্যুঃ অ্যাসেসমেন্ট ভেন্যু এমন একটি স্থান যেখানে প্রার্থীদের অকুপেশন অনুযায়ী সক্ষমতা মূল্যায়ন করা হয়। অ্যাসেসমেন্টের জন্য লিখিত অভীক্ষা, প্রদর্শন, মৌখিক পরীক্ষা ইত্যাদি পদ্ধতি অবলম্বন করা হয়।

অ্যাসেসমেন্ট ভেন্যু শুধুমাত্র একটি ভবন নয়, এটি সামগ্রিক অ্যাসেসমেন্টের একটি প্রক্রিয়া যার মাধ্যমে সক্ষমতা যাচাইয়ের জন্য বিভিন্ন ধরনের অ্যাসেসমেন্ট সম্পন্ন করা হয়।

অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুতির বিষয়গুলোর নিম্নরূপ-

১) **স্পেশালিষ্ট সাপোর্টঃ** অনেকসময় অ্যাসেসমেন্ট ভেন্যু প্রস্তুতিতে বিশেষজ্ঞ সহায়তা দরকার হয়। কারণ যে প্রক্রিয়ায় আমরা অ্যাসেসমেন্ট করে থাকি তা আমাদের প্রশিক্ষণার্থীদের জন্য সঠিক কিনা যা বিচার বিশ্লেষণের জন্য বিশেষজ্ঞ সাপোর্ট প্রয়োজন। অ্যাসেসমেন্টের সকল বিষয়ে বিশেষজ্ঞের সাপোর্ট নিতে হয় তবে বিশেষত যে সকল প্রশিক্ষণার্থীদের

বিশেষ চাহিদা রয়েছে তাদের অ্যাসেসমেন্ট কালে অ্যাসেসমেন্টের সকল প্যারামিটার ঠিক রেখে কতটুকু বিশেষ সহায়তা দেয়া যায় সে ব্যাপারে অবশ্যই বিশেষজ্ঞগণের সাপোর্ট নিতে হবে।

যে সকল ক্ষেত্রে বিশেষজ্ঞগণের সাপোর্ট নেয়া হয় তা হলোঃ

- অনলাইন অ্যাসেসমেন্ট কৌশল
- দূরবর্তী বা আইসোলেটেড প্রশিক্ষণার্থী বা অ্যাসেসরদের জন্য সাপোর্টের ক্ষেত্রে
- বিষয়বস্তু বা নিরাপত্তা বিষয়ে সাপোর্টের ক্ষেত্রে
- নিয়ন্ত্রক কর্তৃপক্ষের পরামর্শের ক্ষেত্রে
- অ্যাসেসমেন্ট প্যানেল নির্বাচনের ক্ষেত্রে
- লিড অ্যাসেসরদের কাছ থেকে সাপোর্ট
- থার্ড পার্টি অ্যাসেসমেন্টের ক্ষেত্রে
- নীতি উন্নয়নের ক্ষেত্রে

২) **কমিউনিকেশন কৌশলঃ** একটি অ্যাসেসমেন্ট ইভেন্টের সর্বোত্তম রিসোর্সসমূহ সংগঠিত করার জন্য সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ কৌশল একান্ত প্রয়োজন। প্রার্থীদের সাথে যোগাযোগের ক্ষেত্রে নিম্নলিখিত কৌশলগুলো ব্যবহার হয়।

- ইন্টারভিউ (স্ব-শরীরে বা টেলিফোনে)
- ই-মেইল, মেমো এবং চিঠিপত্র
- মিটিং
- ভিডিও কনফারেন্স, ই-বেজড লার্নিং
- ফোকাস গ্রুপ ডিসকাশন।

অ্যাসেসমেন্ট ভেন্যুর রিসোর্সসমূহঃ রিসোর্সসমূহের চাহিদা নির্ভর করে অ্যাসেসমেন্টের নির্দিষ্ট প্রেক্ষাপট ও উদ্দেশ্যের উপর। তবে কিছু সাধারণ রিসোর্স রয়েছে যার তালিকা নিম্নে প্রদান করা হলোঃ

- ভেন্যু
- প্রয়োজনীয় তথ্য ও প্রযুক্তি
- কম্পিউটার স্ট্যান্ডার্ড ও অ্যাসেসমেন্ট টুলসহ প্রার্থী ও অ্যাসেসরের প্রয়োজনীয় নথি
- যন্ত্রপাতি, উপকরণ এবং সরঞ্জামাদি
- ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই)
- অভিযোজিত প্রযুক্তি (Adaptive Technology)
- অ্যাসেসমেন্ট পরিবেশের ভৌত কাঠামোর সমন্বয়
- অতিরিক্ত কর্মী (বিশেষজ্ঞ সহায়তা সহ)

এভিডেন্সঃ এভিডেন্স হলো দক্ষতা প্রমাণের জন্য সংগ্রহীত তথ্য। এভিডেন্স বিভিন্ন ফরমে এবং বিভিন্ন সোর্স হতে সংগ্রহ করা যায়।

সেলফ চেক (Self Check)-১১.১

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. অভিযোজিত প্রযুক্তি ব্যবহারের উদ্দেশ্য কি?

উত্তর:

২. এভিডেন্স বলতে কি বোঝায়?

উত্তর:

৩. চারটি অ্যাসেসমেন্ট টুলের নাম লিখুন?

উত্তর:

৪. অ্যাসেসমেন্ট ভেন্যুতে ব্যবহৃত চারটি রিসোর্সের নাম লিখুন?

উত্তর:

উত্তরপত্র (Answer Key)-১১.১

অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. অভিযোজিত প্রযুক্তি ব্যবহারের উদ্দেশ্য কি?

উত্তর: বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের কার্যকরী ক্ষমতা বজায় রাখতে, বৃদ্ধি করতে বা উন্নত করতে ব্যবহৃত হয়।

২. এভিডেন্স বলতে কি বোঝায়?

উত্তর: অ্যাসেসমেন্টের সময় প্রার্থীর সক্ষমতা প্রমাণের জন্য সংগ্রহীত তথ্য কে এভিডেন্স বলে।

৩. চারটি অ্যাসেসমেন্ট টুলের নাম লিখুন?

উত্তর: জব শিট, স্পেসিফিকেশন সিট, অবজারভেশন চেকলিস্ট, সেলফ-চেক

৪. অ্যাসেসমেন্ট ভেন্যুতে ব্যবহৃত চারটি রিসোর্সের নাম লিখুন?

উত্তর:

- ভেন্যু
- প্রয়োজনীয় তথ্য ও প্রযুক্তি
- কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও অ্যাসেসমেন্ট টুলসহ প্রার্থী ও অ্যাসেসরের প্রয়োজনীয় নথি
- যন্ত্রপাতি, উপকরণ এবং সরঞ্জামাদি

জব-শিট (Job Sheet)-১১.১

Job Name (কাজের নাম): কর্মস্থলের হাজার্ড চেকলিস্ট প্রস্তুত করণ।

উদ্দেশ্য:

সতর্কতা:

1	LAYOUT	Y	N	NA	Comments/Hazards	Actions: (include person responsible and target completion date)
1.1	Area is tidy and well kept					
1.2	Adequate storage area provided					
1.3	Floor is free of obstructions and not-slippery					
1.4	Any opening in the floor is guarded or covered					
1.5	Walkways clearly marked and guarded if necessary					
2	ENVIRONMENT	Y	N	NA	Comments/Hazards	Actions: (include person responsible and target completion date)
2.1	Lighting is adequate					
2.2	Lighting covers and fittings are secure					
2.3	Area is free from odors					
2.4	Noise level is acceptable/adequately controlled					
2.5	Ventilation is adequate					
2.6	Recycling posters and information displayed					
3	EMERGENCY PROCEDURES	Y	N	NA	Comments/Hazards	Actions: (include person responsible and target completion date)
3.1	Written procedures posted					
3.2	Extinguisher of appropriate type easily accessible					

3.3	Emergency and hazard signage is clearly visible					
4	FIRST AID FACILITIES	Y	N	NA	Comments/Hazards	Actions: (include person responsible and target completion date)
4.1	Kit kept and marked in accessible area.					
4.2	Kit is stocked and contents are in-date					
5	GENERAL FACILITIES	Y	N	NA	Comments/Hazards	Actions: (include person responsible and target completion date)
5.1	Cleaning area is accessible and functional					
6	ELECTRICAL SAFETY	Y	N	NA	Comments/Hazards	Actions: (include person responsible and target completion date)
6.1	Power extension board/Multi plugs in good condition					
6.2	Power leads are off the floor or placed away from walkways					
6.3	Faulty equipment is removed from service					
7	WASTE DISPOSAL	Y	N	NA	Comments/Hazards	Actions: (include person responsible and target completion date)
7.1	Waste containers are provided and labeled					
7.2	Waste is segregated and stored appropriately away from drains					
8	PPE	Y	N	NA	Comments/Hazards	Actions: (include person responsible and target completion date)

8.1	Required PPE available for all staff and students					
8.2	Correctly stored					
8.3	Well maintained and in good condition					
8.4	Signage of PPE requirements displayed					

শিখনফল (Learning Outcome)- ১১.২: প্রার্থীকে প্রস্তুত করতে পারবে।

বিষয়বস্তু (Contents):

- অ্যাসেসমেন্ট পরিকল্পনা
- অ্যাসেসমেন্ট গাইড লাইন

মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):

১. অ্যাসেসমেন্টের পরিকল্পনা ও প্রক্রিয়া সামগ্রিকভাবে ব্যাখ্যা করা হয়েছে।
২. প্রশিক্ষণার্থীকে অ্যাসেসমেন্টের সুযোগ সুবিধার সাথে অন্তর্ভুক্ত রিজেনবল অ্যাডজাস্টমেন্ট (Reasonable Adjustment), পুনঃ অ্যাসেসমেন্ট এবং আপিল সম্পর্কিত বিষয়গুলো ব্যাখ্যা করা হয়েছে।
৩. অ্যাসেসমেন্ট গাইড লাইনের সাথে সামঞ্জস্য রেখে প্রার্থীদের কাছে অ্যাসেসমেন্টের প্রেক্ষাপট ও উদ্দেশ্য ব্যাখ্যা করা হয়েছে।
৪. অ্যাসেসমেন্ট গাইডলাইনের সাথে সামঞ্জস্য রেখে অ্যাসেসমেন্ট সম্পর্কিত আইনি ও নৈতিক দায়িত্বগুলো প্রার্থীদের নিকট ব্যাখ্যা করা হয়েছে।
৫. সহায়ক অ্যাসেসমেন্ট পরিবেশ সৃষ্টির লক্ষ্যে মৌখিক ও অ-মৌখিক ভাষা ব্যবহার করে তথ্য প্রদান করা হয়েছে।
৬. অ্যাসেসমেন্টের জন্য যে কম্পিটেন্সি ও এভিডেন্স দরকার তা প্রার্থীকে স্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে।

শর্তাবলী (Conditions):

কাজের সময় প্রশিক্ষণার্থীগণ অবশ্যই সরবরাহ করতে হবে:

- প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
- ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর

- হোয়াইট বোর্ড ও মার্কার
- ইন্টারনেট ফ্যাসিলিটিস

শিখন উপকরন (Learning Materials):

- সিবিএলএম
- হ্যান্ডআউটস
- বই, ম্যানুয়াল
- মডিউল / রেফারেন্স
- কাগজ
- কলম

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities):

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)	উপকরন / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
• প্রার্থীকে প্রস্তুত করা	<ul style="list-style-type: none">• প্রার্থীকে প্রস্তুত করার জন্য তথ্য শীট ১১.২ পড়তে হবে।• প্রশিক্ষণার্থীগণ নিজ যাচাই (Self Check) ১১.২ এ উত্তর প্রদান করবেন।• উত্তরপত্রের (১১.২) সাথে নিজের উত্তর মিলিয়ে দেখবেন।• প্রার্থীকে প্রস্তুত করার জন্য জব শীট ১১.২ অনুশীলন করতে হবে।

ইনফরমেশন শীট (Information Sheet): ১১.২

প্রার্থীকে প্রস্তুত করা


শিখন উদ্দেশ্য (Objective): এই ইনফরমেশন শীট পাঠে প্রশিক্ষণার্থীগণ-

- অ্যাসেসমেন্ট পরিকল্পনা ও প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে।
- অ্যাসেসমেন্টের সুযোগ সুবিধাসমূহ রিজেনবল অ্যাডজাস্টমেন্ট, পুনঃ অ্যাসেসমেন্ট এবং আপিল সম্পর্কিত বিষয়গুলো ব্যাখ্যা করতে পারবে।
- অ্যাসেসমেন্ট গাইড লাইনের সাথে সামঞ্জস্য রেখে প্রার্থীদের কাছে অ্যাসেসমেন্টের প্রেক্ষাপট ও উদ্দেশ্য ব্যাখ্যা করতে পারবে।
- অ্যাসেসমেন্ট গাইডলাইনের সাথে সামঞ্জস্য রেখে অ্যাসেসমেন্ট সম্পর্কিত আইনি ও নৈতিক দায়িত্বগুলো প্রার্থীদের নিকট ব্যাখ্যা করতে পারবে।

প্রার্থী প্রস্তুতঃ

অ্যাসেসমেন্ট কার্যকলাপ পরিকল্পনা ও পরিচালনা

অ্যাসেসমেন্ট কার্যকলাপ পরিকল্পনা ও পরিচালনার ধাপসমূহ-



১. অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিকল্পনাকালে অ্যাসেসরকে নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করতে হবেঃ

- প্রার্থীকে অ্যাসেসমেন্টের জন্য প্রস্তুত করা হয়েছে এবং অ্যাসেসমেন্ট প্রক্রিয়া অবগত করা হয়েছে।
- অ্যাসেসমেন্ট টুল বা উপকরণসমূহ পরীক্ষা করা হয়েছে।

- অ্যাসেসমেন্ট পদ্ধতিগুলো পর্যালোচনা করা হয়েছে এবং কর্মক্ষেত্রের চাহিদা প্রতিফলিত হওয়ার বিষয়টি নিশ্চিত করা হয়েছে।
- অ্যাসেসমেন্টের সময় ও স্থানের বিষয়ে প্রার্থী এবং অন্যান্য প্রাসঙ্গিক ব্যক্তিবর্গের সাথে একমত হয়েছে।
- প্রার্থীর চাহিদা মোতাবেক অ্যাসেসমেন্টে রিজেনেবল অ্যাডজাস্টমেন্ট করা হয়েছে।
- উপযুক্ত প্রার্থীর অ্যাসেসমেন্টের বিষয়ে ফিডব্যাক দেয়া হয়েছে।

২. অ্যাসেসমেন্টের জন্য প্রার্থী প্রস্তুত করার সময় অ্যাসেসরকে নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করতে হবেঃ

- অ্যাসেসমেন্টের সুযোগ, প্রেক্ষাপট এবং উদ্দেশ্য বিষয়ে প্রার্থীর একমত পোষণ।
- প্রার্থী অ্যাসেসমেন্ট পরিকল্পনা এবং অন্য সকল উপযুক্ত ডকুমেন্টেশন বুঝতে সক্ষম হয়েছে।
- প্রার্থীর প্রাসঙ্গিক কর্মক্ষমতার প্রয়োজনীয়তা প্রদান এবং ব্যাখ্যা করা হয়েছে।
- অ্যাসেসমেন্ট প্রসিডিউর এবং প্রার্থীর প্রত্যাশা স্পষ্ট করা হয়েছে এবং বিষয়গুলোতে প্রার্থী ও অ্যাসেসর সহমত পোষণ করেছে।
- অ্যাসেসমেন্ট সম্পর্কিত আইনি বা নৈতিক দায়িত্বগুলো প্রার্থী এবং অন্যান্য প্রাসঙ্গিক ব্যক্তির কাছে ব্যাখ্যা করা হয়েছে।
- আপীল প্রক্রিয়া প্রার্থীর কাছে ব্যাখ্যা করা হয়েছে।
- প্রার্থী এবং অন্যান্য প্রাসঙ্গিক ব্যক্তিগণের সাথে কার্যকরভাবে যোগাযোগ করার জন্য উপযুক্ত ভাষা এবং কৌশল ব্যবহার করে তথ্য সরবরাহ করা হয়েছে।
- অতিরিক্ত প্রমাণ সংগ্রহের প্রয়োজনীয়তা চিহ্নিত করা হয়েছে এবং তা প্রার্থীকে অবহিত করা হয়েছে।

৩. অ্যাসেসমেন্ট ক্রিয়াকলাপ পরিচালনা করার সময় অ্যাসেসরকে নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করতে হবেঃ

- পরিকল্পনামাফিক অ্যাসেসমেন্ট পরিচালিত হচ্ছে।
- অ্যাসেসমেন্ট পদ্ধতিতে উল্লেখিত এভিডেন্স সংগ্রহের জন্য উপযুক্ত টুল ও উপকরণ ব্যবহার করা হয়েছে।
- প্রযোজ্য ক্ষেত্রে যুক্তিসঙ্গত বা অনুমোদিত সমন্বয় অনুযায়ী প্রমাণ সংগ্রহ করা হয়েছে।
- বৈধতা, পর্যাপ্ততা, কারেন্সি এবং সত্যতার পরিপেক্ষিতে এভিডেন্স মূল্যায়ন করা হয়েছে।
- ইউনিট অব কম্পিটেন্সি অনুসারে এভিডেন্স মূল্যায়ন করা হয়েছে।
- নির্দিষ্ট মানদণ্ড অনুযায়ী অ্যাসেসমেন্টের সিদ্ধান্ত করা হয়েছে।
- এসটিপি এবং অন্যান্য নিয়ন্ত্রক প্রক্রিয়া অনুসারে সিদ্ধান্তটি যথাযথভাবে রেকর্ড করা হয়েছে।

৪. ফিডব্যাক প্রদানের সময় অ্যাসেসরকে নিম্নলিখিত বিষয় নিশ্চিত করতে হবেঃ

- উপযুক্ত ভাষা ও কৌশল ব্যবহার করে প্রার্থীকে স্পষ্ট এবং গঠনমূলক ফিডব্যাক দিতে হবে।
- দক্ষতা অর্জনে গ্যাপগুলোর জন্য আরও প্রশিক্ষণের সুযোগ ইত্যাদি বিষয়ের নির্দেশনা ফিডব্যাকে থাকতে হবে।

৫. অ্যাসেসমেন্টের ফলাফল রেকর্ড করার সময় অ্যাসেসর নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করবেঃ

- এনএসডিএ এর নির্ধারিত ফরমে অ্যাসেসমেন্টের ফলাফল নথিভুক্ত করতে হবে।
- অ্যাসেসমেন্টের ফলাফলের গোপনীয়তা বজায় রাখতে হবে।
- উপযুক্ত ডকুমেন্টেশন সম্পন্ন করতে হবে।
- অ্যাসেসমেন্ট ক্রিয়াকলাপ সম্পর্কে প্রার্থীর ফিডব্যাক চাইতে হবে।

- অ্যাসেসমেন্ট পরিচালনা লক্ষ অভিঞ্জতা হতে ইতিবাচক এবং নেতিবাচক উভয় ধরনের বৈশিষ্ট্যই অ্যাসেসমেন্ট প্রসিডিউরের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিদের নিকট পৌঁছে দিতে হবে।
- অ্যাসেসমেন্ট প্রক্রিয়া উন্নত করার জন্য গৃহীত পরামর্শ অনুযায়ী অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় এবং উপকরণে পরিবর্তন আনতে হবে।
- যথাযথ ভেলিডেশন প্রক্রিয়া বাস্তবায়ন করতে হবে।

অ্যাসেসমেন্ট প্রক্রিয়াঃ

অ্যাসেসমেন্ট প্রক্রিয়া হলো সমন্বিত অনেকগুলো ধাপ যার মধ্যে প্রার্থীর আবেদন গ্রহণ, অ্যাসেসমেন্ট, রেকর্ড এবং রিপোর্টিং এর কাজগুলো অন্তর্ভুক্ত। প্রক্রিয়াটি অবশ্যই সমস্ত স্টেকহোল্ডার প্রয়োজন অনুসারে সর্বোত্তম হতে হবে যা অত্যন্ত কার্যকর ও কম খরচে সম্পন্ন হবে।

অ্যাসেসমেন্ট প্রক্রিয়ার মূল ভূমিকা পালনকারীঃ

অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় মূলভূমিকা পালনকারীদের তালিকা নিম্নরূপ-

১. অ্যাসেসর
২. প্রার্থী
৩. এনএসডিএ প্রতিনিধি
৪. অ্যাসেসমেন্ট সেন্টার/এসটিপি

অ্যাসেসরের দায়িত্ব ও কর্তব্যঃ

১. অ্যাসেসমেন্ট কার্যক্রমের পরিকল্পনা করবে।
২. অ্যাসেসমেন্ট ভেন্যু পরিদর্শন করে নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করবে-
 - কাজ করার জন্য পর্যাপ্ত স্থান
 - নাগালের মধ্যে অগ্নি নির্বাপক এবং নিরাপত্তা সরঞ্জাম
 - আপদকালীন পদ্ধতি
 - সমস্ত প্রয়োজনীয় যন্ত্রপাতি, উপকরণ এবং সরঞ্জামাদি প্রস্তুত
 - সকল প্রয়োজনীয় যন্ত্রপাতির কার্যক্ষমতা
৩. প্রার্থী অ্যাসেসমেন্টের জন্য প্রস্তুত তা নিশ্চিত করতে হবে।
৪. অ্যাসেসমেন্ট টুল চেক করবে।
৫. প্রার্থীর প্রয়োজন এবং অ্যাসেসমেন্টের সময় যে ধরনের রিজেনবল অ্যাডজাস্টমেন্ট বা অনুমোদিত সমন্বয় দরকার তা নির্ধারণ করবে।
৬. অ্যাসেসমেন্ট পরিচালনা ও ফিডব্যাক প্রদান।

রিজেনবল অ্যাডজাস্টমেন্ট (Reasonable Adjustment):

রিজেনবল অ্যাডজাস্টমেন্টের জন্য সিমুলেটেড কর্মক্ষেত্রে পুনঃবিন্যাস করা লাগতে পারে যাতে কোনও প্রার্থীর অক্ষমতা অ্যাসেসমেন্টের প্রক্রিয়াকে বাধাগ্রস্ত না করে। উদাহরণস্বরূপ, ভাষা সমস্যার ক্ষেত্রে এমন কাউকে দায়িত্ব দেয়া যে আঞ্চলিক ভাষা বুঝবে এবং অ্যাসেসরকে সাহায্য করবে।

যুক্তিযুক্ত সমন্বয়গুলো নিম্নরূপঃ

১. প্রার্থীর ভাষা, স্বাক্ষরজ্ঞান ও সংখ্যাজ্ঞান বিবেচনা করা।
২. ব্যক্তিগত সাপোর্ট সার্ভিসের সুবিধা যেমন পাঠক/দোভাষী।
৩. বয়স এবং অথবা লিঙ্গ সম্পর্কিত বিবেচনাগুলো।
৪. সাংস্কৃতিক বিশ্বাস, ঐতিহ্যগত অনুশীলন, ধর্মীয় পালন সম্পর্কিত বিবেচনাগুলো।
৫. অভিযোজিত প্রযুক্তি বা বিশেষ সরঞ্জাম ব্যবহার।

৬. ভৌত পরিবেশ অথবা ভেন্যু সম্পর্কিত সমন্বয়।
৭. অ্যাসেসমেন্ট সেশনে নমনীয়তা যাতে ক্লাস্টি বা অন্যান্য শারীরিক চাহিদার জন্য অনুমতি প্রদান।
৮. অ্যাসেসমেন্ট উপকরণের বিন্যাস (মাতৃভাষা বা অডিও-ভিজুয়াল এইড ব্যবহার)
৯. প্রস্তাবিত অ্যাসেসমেন্ট পদ্ধতি/টুলসমূহের সংশোধন।

অ্যাসেসমেন্ট প্রক্রিয়া সমন্বয় করার সম্ভাব্য কৌশলঃ

বিষয়সমূহ	কৌশল
<ul style="list-style-type: none"> ● সাংস্কৃতিক পটভূমি ● কথা বলা ● পড়া ● লেখা ● সংখ্যাতত্ত্ব ● আত্মবিশ্বাস 	<ul style="list-style-type: none"> ● সম্প্রদায় সম্পর্কে জানার জন্য পর্যাপ্ত সময়ে দিতে হবে এবং এটি অ্যাসেসমেন্ট প্রক্রিয়ার উপর কিভাবে প্রভাব ফেলতে পারে, উদাহরণস্বরূপ- অ্যাসেসমেন্টের বয়স এবং লৈঙ্গিক পরিচয় কোনও সমস্যা কিনা। ● অ্যাসেসমেন্ট কৌশলগুলো অন্তর্ভুক্তিমূলক ● সাংস্কৃতিকভাবে সংবেদনশীল ● জ্ঞান প্রদর্শন করার জন্য উপযুক্ত হতে পারে। ● অ্যাসেসমেন্টের ক্রিয়াকলাপকে প্রভাবিত করতে পারে এমন ঘটনাগুলো চিহ্নিত করতে হবে। উদাহরণস্বরূপ- প্রার্থনার সময়। ● এমন পদ্ধতিগুলো ব্যবহার করতে হবে যা উচ্চস্তরের ভাষা দক্ষতার প্রয়োজন হয় না। ● মনোযোগী থাকতে হবে। ● প্রাসঙ্গিক শব্দ এবং ছবির উদাহরণ দ্বারা তথ্য স্পষ্ট করতে হবে।
<ul style="list-style-type: none"> ● অক্ষমতা 	<ul style="list-style-type: none"> ● প্রার্থী বা অনুমোদিত ব্যক্তির সাথে আলোচনা করা যে অক্ষমতা অ্যাসেসমেন্ট প্রক্রিয়ার উপর প্রভাব ফেলতে পারে কিনা। ● প্রয়োজন অনুসারে সহায়ক ব্যক্তি এবং অন্যান্য সহায়ক কৌশলগুলো ব্যবহার করা যেতে পারে। ● প্রার্থী লিখতে সমর্থ না হলে অন্য কাউকে লিখতে প্রস্তাব দেয়া যেতে পারে।

সমন্বয় করার প্রয়োজন হতে পারে এমন প্রার্থীদের তালিকাঃ

১. আদিবাসী প্রার্থী
২. অল্প ভাষা দক্ষতাসম্পন্ন প্রার্থী
৩. অল্প স্বাক্ষরতা বা সাংখ্যিক ক্ষমতাসম্পন্ন প্রার্থী
৪. বয়স্ক প্রার্থী
৫. মহিলা প্রার্থী
৬. গ্রামীণ/প্রত্যন্ত অঞ্চলের প্রার্থী
৭. প্রতিবন্ধী প্রার্থী
৮. অভিবাসী শ্রমিক
৯. কর্মক্ষেত্র হতে সাম্প্রতিক প্রত্যাবর্তনকারী প্রার্থী

রিজনেবল অ্যাডজাস্টমেন্ট সম্পর্কিত টিপসঃ

১. **ইস্যুসমূহ চিহ্নিতকরণ**- অ্যাসেসমেন্টের সম্ভাব্য সমস্যাগুলো মূল্যায়ন করতে হবে যে জন্য যুক্তিসংগত সমন্বয়ের প্রয়োজন হতে পারে।
২. **সাপোর্ট প্রদানের পরিবেশ তৈরি করা**- শত্রুতা এবং অজ্ঞতার পরিবেশে সফল অ্যাসেসমেন্ট সম্ভব হবে না। একজন অ্যাসেসমেন্টের ভূমিকা সহনশীলতা, গ্রহণযোগ্যতা এবং সাপোর্টের একটি পরিবেশ তৈরি এবং উৎসাহিত করা।

৩. **প্রবেশ নিশ্চিত করা-** বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য সেন্টারে প্রবেশ কখনও কখনও সমস্যা তৈরি করতে পারে। অ্যাসেসর প্রবেশ নিশ্চিত করার জন্য সহায়তা প্রদান করতে পারেন। প্রবেশের প্রয়োজন অনুযায়ী নিম্নলিখিত সাপোর্টগুলো অন্তর্ভুক্ত হতে পারে তবে তা সীমাবদ্ধ নয়।

- র‍্যাম্প, সমন্বয়যোগ্য উচ্চতার ডেস্ক।
- ব্রেইল বই।
- টেকনোলজি যেমন অডিও টেপ এবং স্পীচ সিনথেসাইজার
- দোভাষী, শ্রুতিলেখক।

যথাযথ অ্যাসেসমেন্ট স্ট্রীকচারঃ

প্রার্থীর জন্য রিজেনবল অ্যাডজাস্টমেন্ট প্রদানের ক্ষেত্রে খেয়াল রাখতে হবে যে অ্যাসেসমেন্ট কাঠামোতে পরিবর্তন হচ্ছে। তবে কোন অবস্থায় ফলাফল নয়। এই পরিবর্তনগুলো হলো-

- অ্যাসেসমেন্ট পরিচালনাযোগ্য সেগমেন্টে বিভক্ত করা।
- অ্যাসেসমেন্ট টাস্ক সম্পন্ন করার জন্য সময় বাড়িয়ে দেয়া।

নিম্নলিখিত যে কোন অবস্থার পরিপ্রেক্ষিতে অ্যাসেসমেন্ট বন্ধ করা যাবে-

- নিরাপত্তার কোন লঙ্ঘন দেখলে।
- যন্ত্রপাতি ভেঙে গেলে।
- প্রার্থী চাপ বোধ করে অ্যাসেসমেন্ট বন্ধ করার জন্য অনুরোধ করলে।
- অদক্ষতার স্পষ্ট প্রমাণ দেখলে।
- সম্পদ বা ইকুইপমেন্টের ক্ষতির সম্ভাবনা থাকলে
- অ্যাসেসমেন্ট উপাদানের উপর প্রভাব ফেললে
- দুর্ঘটনা আসন্ন হলে যেমন ভূমিকম্প।

অ্যাসেসমেন্টের প্রেক্ষাপট ও উদ্দেশ্যঃ

অ্যাসেসমেন্টের উদ্দেশ্যের বিভিন্ন কারণে একজন ব্যক্তিকে অ্যাসেস করা হতে পারে এবং অ্যাসেসমেন্টের বিভিন্ন ধরনের উপায়ও আছে। সুতরাং অ্যাসেসমেন্টের পূর্বে তার উদ্দেশ্য সম্পর্কে জানা দরকার।

অ্যাসেসমেন্টের সাধারণ কারণগুলো নিম্নরূপ-

১. পূর্বের অর্জিত দক্ষতা ও বর্তমান দক্ষতাগুলো সনাক্ত করতে।
২. প্রশিক্ষণের প্রয়োজনীয়তা ও অগ্রগতি সনাক্ত করতে।
৩. এটি একটি প্রশিক্ষণ বা বৃত্তিমূলক শিক্ষার যে পাথওয়ে আছে, তার উপর
৪. যোগ্যতা অর্জনের দিকে প্রার্থীর অগ্রগতি যাচাই করা।
৫. প্রার্থীর ভাষা, স্বাক্ষরতা ও সাংখ্যিক জ্ঞানের চাহিদা নিরূপণ করা।
৬. স্টেটমেন্ট অর্জনের মাধ্যমে দক্ষতা প্রত্যয়ন করা।
৭. যোগ্যতা অর্জনের পথে অগ্রগতি নিরূপণ করা।
৮. কাজের কর্মক্ষমতা পরিমাপ করা।
৯. কর্মচারীদের মধ্যে শ্রেণিবিভাগ করা।
১০. প্রতিষ্ঠানের কাজের চাহিদা পূরণ করা যেমন যন্ত্রপাতি পরিচালনা বা নতুন দক্ষতার বিকাশ করা।
১১. একটি নির্দিষ্ট যোগ্যতা বা লাইসেন্স অর্জন করা।

অ্যাসেসমেন্টের প্রেক্ষাপট

অ্যাসেসমেন্টে প্রেক্ষাপট তার উদ্দেশ্যের সাথে ঘনিষ্ঠভাবে জড়িত। প্রকৃতপক্ষে প্রেক্ষাপট উদ্দেশ্যকে অন্তর্ভুক্ত করে। তবে প্রেক্ষাপট এর সাথে সে সমস্ত অন্যান্য বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে যা অ্যাসেসমেন্টের কারণ ও পরিকল্পনা করার সময় যে বিষয়গুলো বিবেচনা করা দরকার সে সম্পর্কে পরিচ্ছন্ন ধারণা দেয়।

অ্যাসেসমেন্টের সাধারণ প্রেক্ষাপট গুলো নিম্নরূপঃ

ভাল পরিবেশে অ্যাসেসমেন্ট করার ইস্যুগুলোর মধ্যে বাস্তব বা সিমুলেটেড কর্মক্ষেত্রে নিরাপত্তা ও স্বাস্থ্যগত সমস্যাগুলো অন্তর্ভুক্ত।

- যে কোন পরিস্থিতিতে এভিডেন্স সংগ্রহের সুযোগ
- অ্যাসেসমেন্টের উদ্দেশ্য
- যারা অ্যাসেসমেন্ট করে
- প্রার্থীর কর্মক্ষেত্রে কম্পিউটার ইউনিটসমূহের সাথে কাজের ক্রিয়াকলাপের সম্পর্ক
- কম্পিউটার স্ট্যান্ডার্ডের সাথে শিখন কার্যক্রমের সম্পর্ক
- অংশদারিত্বের ব্যবস্থা
- যে সময় ধরে মূল্যায়ন অনুষ্ঠিত হয়
- প্রযোজ্য ক্ষেত্রে খরচ বা ফি ভাগ করা
- কোয়ালিটি নিশ্চিতকরণ প্রক্রিয়া
- কম্পিউটার অ্যাসেসমেন্টের জন্য পৃথক ইউনিট বা সমন্বিত পদ্ধতি

প্রেক্ষাপট ও উদ্দেশ্য নিয়ে কাজ করার উপায়ঃ

এ দুটি বিষয় নিয়ে কাজ করতে হলে অনেক বিষয় বিবেচনায় আনতে হবে। তবে সম্ভবত সর্বোত্তম প্রথম পদক্ষেপটি হলো অ্যাসেসমেন্ট দ্বারা প্রভাবিত হতে পারে এমন সমস্ত লোকের একটা তালিকা তৈরি করা। আমরা যা করি তাতে স্টেকহোল্ডারদের একটি অংশ রয়েছে। খেয়াল রাখতে হবে যে আমরা যা করছি তাতে যেন স্টেকহোল্ডাররা কোনভাবে প্রভাবিত না হয়। মনে রাখতে হবে প্রতিটি স্টেকহোল্ডার জড়িত হওয়ার দরকার নাই। আমরা কাজ করার সময় এমন কিছু গুরুত্বপূর্ণ ব্যক্তিকে চিহ্নিত করব যারা অন্য লোক প্রভাবিত হচ্ছে কিনা সে ব্যাপারে আমাদের তথ্য দিয়ে সাহায্য করবে। যখনই সঠিক ব্যক্তিদের সাথে পরামর্শের প্রয়োজন হবে তখন অবশ্যই দুটি গুপকে জড়িত করতে হবে। গুপ দুটি হলো-

- প্রার্থী এবং
- অ্যাসেসর যে অ্যাসেসমেন্ট পরিচালনা করবে।

এছাড়াও আমরা আরও জড়িত করতে পারি-

- ক্লায়েন্ট, কোম্পানী
- টিম লিডার, ম্যানেজার, সুপারভাইজার
- ডেলিভারি কর্মী
- প্রযুক্তি/বিষয় বিশেষজ্ঞ
- প্রশিক্ষণ এবং অ্যাসেসমেন্ট সমন্বয়কারী
- শিল্প নিয়ন্ত্রক
- কর্মচারী ও নিয়োগকর্তা প্রতিনিধি
- পেশাজীবী সংগঠনের সদস্য

উল্লেখিত ব্যক্তিবর্গের নিকট হতে কি ধরনের তথ্য সংগ্রহ করা দরকারঃ

সবসময় অ্যাসেসমেন্ট কখন এবং কোথায় অনুষ্ঠিত হবে এ দুটি বিষয়ে আমরা সবচেয়ে বেশী আগ্রহী হয়ে জানতে চাই। এটি অবশ্যই গুরুত্বপূর্ণ তথ্য তবে এছাড়াও আরও কিছু সাংগঠনিক, নৈতিক ও আইনী বিষয় জানার প্রয়োজন আছে।

- অ্যাসেসমেন্ট সিস্টেমের পলিসি ও প্রসিডিউর
- অ্যাসেসমেন্ট কৌশল
- অ্যাসেসমেন্টের জন্য রিপোর্টিং, রেকর্ডিং এবং পুনরুদ্ধার ব্যবস্থা
- ব্যবসা ও কর্মক্ষমতা পরিকল্পনা
- অ্যাক্সেস ও ইকুইটি পলিসি ও প্রসিডিউর
- সহযোগিতামূলক/অংশীদারিত্বের ব্যবস্থা
- শিল্প সম্পর্ক ব্যবস্থা এবং প্রক্রিয়া
- পুরস্কার/এন্টারপ্রাইজ চুক্তি
- বিএনকিউএফ/এনএসকিউএফ
- কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড
- নিবন্ধনের সুযোগ
- মানবসম্পদ পলিসি/প্রসিডিউর
- বৈষম্য-বিরোধী, সমান কর্মসংস্থান, জব রোল/দায়িত্ব/শর্তাবলীসহ আইনী ব্যবস্থা
- প্রাসঙ্গিক শিল্প কোড অব প্র্যাকটিস
- গোপনীয়তা এবং গোপনীয়তার প্রয়োজনীয়তা

অ্যাসেসমেন্ট সম্পর্কে সংশ্লিষ্ট ব্যক্তিদের অবহিতকরণ

অ্যাসেসমেন্টের সকল কার্যকলাপ সম্পর্কে প্রশিক্ষণার্থীগণকে বিস্তারিতভাবে জানতে হবে। অ্যাসেসমেন্টে প্রশিক্ষণার্থীদের কাছে কি আউটপুট আশা করা হচ্ছে তা তাদের জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রশিক্ষণার্থীদের স্বাচ্ছন্দে রাখা অ্যাসেসমেন্টের জন্য একটি অত্যাবশ্যক দায়িত্ব।

অ্যাসেসমেন্টে যাদের সাথে পূর্বেই যোগাযোগ করতে হবে তারা হলোঃ

১. যে প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ দিয়েছেন।
২. প্রতিষ্ঠানের প্রশিক্ষণ সুপারভাইজার/সমন্বয়কারী।
৩. অ্যাসেসমেন্ট পরিচালনা করা জন্য প্রয়োজনীয় রিসোর্সমূহ সরবরাহের সাথে জড়িত ব্যক্তিবর্গ।
৪. অ্যাসেসমেন্ট ভেন্যু/সেন্টরের অফিস কর্মচারী সকল।

অ্যাসেসমেন্ট ইভেন্টের জন্য প্রার্থীদের প্রস্তুতকরণঃ

অ্যাসেসমেন্ট ইভেন্টের জন্য প্রার্থীদের প্রস্তুতকালে অ্যাসেসমেন্টের জন্য অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলো প্রার্থীদের বিস্তারিতভাবে অ্যাসেসমেন্ট ব্যাখ্যা করবেন-

১. অ্যাসেসমেন্ট এবং অ্যাসেসমেন্ট প্রক্রিয়ার প্রেক্ষাপট এবং উদ্দেশ্য।
২. যে সকল ইউনিট অব কম্পিটেন্সি অ্যাসেস করা হবে এবং যে সকল এভিডেন্স সংগ্রহ করা হবে।
৩. অ্যাসেসমেন্ট পদ্ধতির রূপরেখা এবং প্রস্তুতি।
৪. প্রার্থীদের চাহিদাসমূহ এবং অ্যাসেসমেন্ট প্রসিডিউর কোন অনুমোদিত সমন্বয়।
৫. কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড, এভিডেন্সের প্রয়োজনীয়তা এবং অ্যাসেসমেন্ট প্রক্রিয়া সম্পর্কে প্রার্থী কতটুকু বুঝতে পেরেছে তার ফিডব্যাক গ্রহণ।

অ্যাসেসমেন্টের জন্য সহায়ক পরিবেশঃ

অ্যাসেসমেন্টের প্রেক্ষাপট যাই হোক না কেন অ্যাসেসমেন্টে অ্যাসেসমেন্ট শুরুর পূর্বে অবশ্যই একটি সহায়ক পরিবেশ তৈরি করতে হবে। সে ক্ষেত্রে অ্যাসেসমেন্টে নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করতে হবে।

১. পরিবেশ অ্যাসেসমেন্টের জন্য উপযুক্ত।
২. প্রার্থীরা খুব বেশি শক্তিত নন এবং স্বাচ্ছন্দ বোধ করছে।
৩. প্রার্থীদের শুভেচ্ছা, স্বাগত জানানো এবং সম্পর্ক স্থাপন করা।
৪. প্রার্থীদের স্বাচ্ছন্দ বোধ করার সময় দেয়া।
৫. প্রার্থীদের প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য আমন্ত্রণ জানানো।

প্রার্থীদের অবহিত করণ

অ্যাসেসমেন্টের বিভিন্ন বিষয়ে প্রার্থীকে সঠিকভাবে অবহিত করাই হলো সফল অ্যাসেসমেন্ট প্রক্রিয়ার চাবিকাঠি। প্রার্থীকে নিম্নলিখিত বিষয়গুলোর সঠিক তথ্য প্রদান করতে হবে।

১. অ্যাসেসমেন্ট ইভেন্টের জন্য কিভাবে নিবন্ধন করতে হবে।
২. সে সকল ইউনিট অব কম্পিউটেশি অ্যাসেস করা হবে।
৩. যে সকল এভিডেন্স প্রার্থীকে উপস্থাপন করতে হবে।
৪. এভিডেন্স সংগ্রহের প্রক্রিয়া।
৫. অ্যাসেসরের ভূমিকা।
৬. অ্যাসেসমেন্টের অনুমোদিত সময়কাল
৭. কখন প্রার্থীরা অ্যাসেসমেন্ট টাস্ক শুরু করতে পারবে।
৮. তথ্য লিখিত আকারে বা মৌখিকভাবে হতে পারে।

অ্যাসেসমেন্ট গাইডলাইনঃ

অ্যাসেসমেন্ট গাইডলাইনের কাজ হলো কম্পিউটেশি স্ট্যান্ডার্ড অনুযায়ী অ্যাসেস করার কাজকে সমর্থন প্রদান করা। গাইডলাইনে-

১. কম্পিউটেশি স্ট্যান্ডার্ড অ্যাসেসমেন্টের বেঞ্চমার্ক তা নিশ্চিত করা হয়।
২. কিভাবে এভিডেন্স সংগ্রহ করা হবে সে সম্পর্কে নিয়মাবলী সেট করা থাকে।
৩. এভিডেন্স সংগ্রহের টুল ডিজাইনের প্রক্রিয়া বর্ণনা করা থাকে।
৪. অ্যাসেসমেন্ট প্রসেস বর্ণনা করা থাকে।
৫. অ্যাসেসরের প্রয়োজনীয়তা সেট করা থাকে।

অ্যাসেসর অ্যাসেসমেন্ট করার সময় অবশ্যই গাইডলাইন অনুসরণ করবে এবং নিশ্চিত করবে যে-

১. অ্যাসেসমেন্ট প্রক্রিয়া সকল প্রার্থীর জন্য ন্যায্য।
২. অ্যাসেসমেন্ট প্রক্রিয়ার একটি সামঞ্জস্যপূর্ণ পদ্ধতিতে প্রয়োগ করা হয়েছে।
৩. প্রক্রিয়াটি উচ্চমানের এবং সামঞ্জস্যপূর্ণ ফলাফল তৈরিতে সক্ষম।

রিজেনবল অ্যাডজাস্টমেন্টঃ যুক্তিসঙ্গত সমন্বয়কে কখনও কখনও যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দবিধান, বা অনুমোদিত সমন্বয় বলা হয়। এটি অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় যাতে সমস্ত লোক সমান আচরণ পায় তা নিশ্চিত করার জন্য ডিজাইন করা হয়। এর মানে হল যে, যেখানেই সম্ভব, প্রার্থীকে ব্যক্তিগত চাহিদা পূরণের জন্য অ্যাসেসমেন্ট প্রক্রিয়াতে যুক্তিসঙ্গত সমন্বয় করা হয়।

উদাহরণ স্বরূপ, অ-ইংরেজীভাষী প্রার্থীদের জন্য স্থানীয় ভাষার লিখিত নির্দেশাবলী অনুবাদ করা অথবা সীমিত ভাষা দক্ষতার প্রার্থীদের জন্য লেখার পরিবর্তে মৌখিকভাবে নির্দেশাবলী সরবরাহ করা।

অ্যাসেসমেন্ট কেন্দ্রের উপর অযৌক্তিক কষ্ট আরোপ না করলে সমন্বয়গুলো যুক্তিসঙ্গত মনে করা হয়। একটি সমন্বয় অযৌক্তিক কষ্ট আরোপ করবে কিনা নির্ধারণে, নিম্নলিখিত কারণগুলো বিবেচনা করা উচিত।

১. সুবিধা বা অসুবিধার প্রকৃতি সম্ভাব্য প্রার্থীর অভিজ্ঞতা অর্জনে হতে পারে।
২. সংশ্লিষ্ট ব্যক্তির উপর অসুবিধার প্রভাব।
৩. সমন্বয় কাজে খরচ।

রিজেনবল অ্যাডজাস্টমেন্ট ফর্মঃ

১. স্থানীয় ভাষায় ইংরেজী অনুবাদ করা
২. লিখিত নির্দেশাবলীর জায়গায় মৌখিকভাবে নির্দেশাবলী সরবরাহ করা।

আইনগত ও নৈতিক দায়িত্বঃ

পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যঃ প্রার্থীকে কাজের প্রকৃতি এবং তার জন্য সম্ভাব্য বিপদসমূহ সম্পর্কে অবহিত করা গুরুত্বপূর্ণ। প্রার্থীকে সতর্কমূলক পদক্ষেপগুলো স্মরণ করিয়ে দেয়া উচিত। যেমন পিপিই না ব্যবহার করা অথবা অনিরাপদ কোন কাজ প্রদর্শন।

গোপনীয়তাঃ অ্যাসেসমেন্ট সম্পর্কে সমস্ত তথ্য গোপন রাখা উচিত অ্যাসেসরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে নিম্নলিখিত বিষয়গুলো সুরক্ষিত রাখবে।

১. অ্যাসেসমেন্ট প্যাকেজ অবশ্যই নিরাপদস্থানে রাখতে হবে এবং অ্যাসেসরকে নিশ্চিত করতে হবে যে, অ্যাসেসমেন্ট প্যাকেজের সমস্ত অনুলিপি অ্যাসেসমেন্ট সম্পন্ন করার পরে পুনরুদ্ধার করা হয়েছে। এটি অ্যাসেসমেন্ট প্যাকেজের অখণ্ডতার গ্যারান্টি দেবে।
২. প্রার্থীদের ব্যক্তিগত সততা নিশ্চিত করার জন্য প্রার্থীর অ্যাসেসমেন্টের ফলাফল অবশ্যই গোপন রাখতে হবে। অ্যাসেসমেন্টের ফলাফল যেখানে কাজ করে তা সুপারভাইজার বা মানবসম্পদ উন্নয়ন বিভাগ বা সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পাওয়া যেতে পারে।
৩. অ্যাসেসমেন্টের পদ্ধতি বা প্রক্রিয়াও অবশ্যই গোপন রাখতে হবে। অ্যাসেসর অবশ্যই প্রার্থীকে মূল্যায়ন চলাকালে কোন তথ্য দেয়া থেকে বিরত থাকেবে।

প্রার্থীদের অবাধ সম্মতিঃ অ্যাসেসরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে প্রার্থীকে অ্যাসেস করার জন্য কোনভাবে চাপ দেওয়া হয়নি।

অ্যাসেসমেন্টের সময় অবশ্য কর্মক্ষেত্রের কোয়ালিটি সিস্টেম, পলিসি ও প্রসিডিউর অবশ্যই মেনে চলতে হবে।

অ্যাসেসরের সততাঃ অ্যাসেসর কোনভাবে কারও অনুরোধের পক্ষে অ্যাসেসমেন্টের সিদ্ধান্ত দিতে পারবে না। এই অনুরোধকারী বন্ধু, ঘনিষ্ঠ বা কোন শক্তিশালী ব্যক্তি হতে পারে। সিদ্ধান্তটি অবশ্য অ্যাসেসমেন্টের ফলাফলের উপর ভিত্তি করে হতে হবে।

আপীল প্রক্রিয়াঃ অ্যাসেসর যদি কোন প্রার্থীকে “এখনও উপযুক্ত নয়” হিসাবে বিচার করে সেক্ষেত্রে পূর্ণ-মূল্যায়নের মাধ্যমে একটি স্বাধীন দ্বিতীয় মতামত অর্জনের জন্য আপীল করা যাবে। এক্ষেত্রে যদি প্রার্থী বিশ্বাস করে যে তাকে ভুলভাবে অ্যাসেস করা হয়েছে। একটি আপীল প্রক্রিয়ার অন্তর্নিহিত নীতিগুলোর মধ্যে রয়েছে-

১. একজন প্রার্থীর জন্য ন্যায়বিচারের প্রাপ্যতা এবং অন্যান্য আচরণ বা অ্যাসেসরের বিচারের ভুল এড়ানোর জন্য।
২. একজন অ্যাসেসরের কোয়ালিটি এবং সংগতিপূর্ণ কর্মদক্ষতা বৃদ্ধিতে সাহায্য করে।
৩. নিয়োগকর্তা এবং প্রার্থীদের অ্যাসেসমেন্ট সিস্টেমের প্রতি আস্থা তৈরি করে।

সেলফ চেক (Self Check)- ১১.২

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

নীচের স্টেটমেন্টগুলো সত্য হলে বা দিকে ফাকা জায়গায় “T” এবং ভুল হলে “F” লিখতে হবে।

- ১) এভিডেন্স সংগ্রহের প্রক্রিয়া অ্যাসেসমেন্ট গাইডলাইনে উল্লেখ করা থাকে?
- ২) যে কম্পিউটিংসমূহ অ্যাসেস করা হবে তা অ্যাসেসমেন্ট প্রক্রিয়ার পরে প্রার্থীদের কাছে প্রকাশ করা হয়?
- ৩) অ্যাসেসমেন্ট প্রক্রিয়ার অসংগতি নিশ্চিত করার জন্য অবশ্যই অ্যাসেসমেন্ট গাইডলাইন অনুসরণ করা উচিত?
- ৪) প্রতিষ্ঠিত অ্যাসেসমেন্ট প্রক্রিয়াগুলো অবশ্যই সমস্ত প্রার্থীর জন্য ন্যায্য হতে হবে।
- ৫) সমন্বয় অ্যাসেসমেন্ট সেন্টারের উপর অযৌক্তিকতা কষ্ট আরোপ না করলে তাকে যুক্তি সঙ্গত সমন্বয় বলা হয়?
- ৬) অ্যাসেসমেন্টের ফলাফল সকলে জানার জন্য প্রচার করা হবে।
- ৭) অ্যাসেসমেন্টের সিদ্ধান্ত গ্রহণের সময় অ্যাসেসর প্রার্থীর পারিবারিক পটভূমি ও অতিরিক্ত ফি প্রদানের সক্ষমতা বিবেচনা করবে।
- ৮) যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্য বিধানের সুযোগ রেখে যুক্তিসঙ্গত সমন্বয় ডিজাইন করা হয়।
- ৯) যারা অ্যাসেসমেন্টে ব্যর্থ হয়েছে তারা পুনঃবিবেচনার জন্য আবেদন করতে পারে।
- ১০) অ্যাসেসর প্রয়োজনবোধে স্থানীয় ভাষায় ইংরেজী অনুবাদ করতে পারে?

উত্তরপত্র (Answer key)- ১১.২

১. T
২. F
৩. F
৪. T
৫. T
৬. F
৭. F
৮. T
৯. T
১০. T

শিখনফল (Learning Outcome)- ১১.৩: অ্যাসেসমেন্ট সম্পন্ন করতে পারবে।

বিষয়বস্তু (Contents):

- অ্যাসেসমেন্ট টুল
- Reasonable Adjustment
- এভিডেন্স সংগ্রহ
- পূর্বের অভিজ্ঞতা
- প্রশিক্ষণার্থীদের বৈশিষ্ট্য ও প্রোফাইল

মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):

১. প্রশিক্ষণার্থীর সংখ্যা ও লেভেল অনুযায়ী অ্যাসেসমেন্ট টুল সংগ্রহ ও ব্যবহার করা হয়েছে।
২. প্রয়োজন অনুযায়ী রিজনবল অ্যাডজাস্টমেন্ট নিশ্চিত করা হয়েছে।
৩. অ্যাসেসমেন্ট পরিকল্পনা অনুযায়ী অ্যাসেসমেন্ট টুল ব্যবহার করে অ্যাসেসমেন্ট সম্পন্ন ও এভিডেন্স সংগ্রহ করা হয়েছে।
৪. স্ট্যান্ডার্ড অনুযায়ী বর্তমান দক্ষতা ও পূর্বের অভিজ্ঞতা নির্ধারণ করে যোগ্য ঘোষণা/স্বীকৃতি দেওয়া হয়েছে।
৫. প্রশিক্ষণার্থীদের বৈশিষ্ট্য ও প্রোফাইল নথিভুক্ত করা হয়েছে।

শর্তাবলী (Conditions):

কাজের সময় প্রশিক্ষণার্থীগণ অবশ্যই সরবরাহ করতে হবে:

- প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
- পিপিই
- ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- হোয়াইট বোর্ড ও মার্কার
- ইন্টারনেট ফ্যাসিলিটিস
- প্রতীক ও সিম্বল

শিখন উপকরণ (Learning Materials):

- সিবিএলএম
- পিপিই
- নিরাপত্তা চিহ্ন
- সিম্বল
- হ্যান্ডআউটস
- বই, ম্যানুয়াল
- মডিউল / রেফারেন্স
- কাগজ
- কলম

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities):

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
<ul style="list-style-type: none">অ্যাসেসমেন্ট সম্পন্ন করা	<ul style="list-style-type: none">অ্যাসেসমেন্ট সম্পন্ন করার জন্য তথ্য শীট ১১.৩ পাঠ করতে হবে।প্রশিক্ষণার্থীগণ নিজ যাচাই (Self Check) ১১.৩ এ উত্তর প্রদান করবেন।উত্তরপত্রের (১১.৩) সাথে নিজের উত্তর মিলিয়ে দেখবেন।অ্যাসেসমেন্ট সম্পন্ন করার জন্য জব শীট ১১.৩ অনুশীলন করতে হবে।

ইনফরমেশন শীট (Information sheet): ১১.৩

অ্যাসেসমেন্ট সম্পন্ন করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পাঠ করে প্রশিক্ষণার্থীগণ-

- প্রশিক্ষণার্থীর সংখ্যা ও লেভেল অনুযায়ী অ্যাসেসমেন্ট টুল সংগ্রহ করতে পারবেন।
- প্রয়োজন অনুযায়ী রিজেনবল অ্যাডজাস্টমেন্ট (Reasonable Adjustment) নিশ্চিত করতে পারবেন।
- অ্যাসেসমেন্ট পরিকল্পনা অনুযায়ী নির্দিষ্ট অ্যাসেসমেন্ট টুল ব্যবহার করে অ্যাসেসমেন্ট সম্পন্ন করা এবং এভিডেন্স সংগ্রহ করতে পারবেন।

অ্যাসেসমেন্ট রিসোর্সঃ একটি নির্দিষ্ট কোয়ালিফিকেশনের অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় প্রার্থীগণ যে সকল টুল, ইকুইপমেন্ট এবং সাপ্লাই ব্যবহার করে সেগুলোকে অ্যাসেসমেন্ট রিসোর্স বলা হয়।

অ্যাসেসমেন্টের পূর্বে নিম্নলিখিত বিষয়সমূহ নিশ্চিত করবে-

১. সকল টুল কার্যকরী অবস্থায় আছে।
২. সকল ইকুইপমেন্ট কার্যক্ষম অবস্থায় আছে এবং এগুলোর নিরাপত্তার সকল সুযোগ বজায় আছে।
৩. সকল সাপ্লাই সহজলভ্য।

প্রার্থীদের অবহিত করতে হবে যে অ্যাসেসমেন্ট শুরুর পূর্বেই তারা টুলস ও সাপ্লাইসমূহ (যেমন- হ্যান্ডটুল ও পিপিই) সংগ্রহ করবে।

অ্যাসেসমেন্ট প্যাকেজঃ অ্যাসেসমেন্ট প্যাকেজ হলো অ্যাসেসমেন্ট ম্যাটেরিয়াল যা অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় ব্যবহৃত হয়। এর অন্তর্ভুক্ত হলোঃ

১. **অ্যাসেসর গাইডঃ** এটি এমন একটি ডকুমেন্ট সেট যাতে অ্যাসেসরের জন্য এভিডেন্স সংগ্রহ প্রক্রিয়ার সকল ডকুমেন্ট থাকে।
২. **কম্পিটেন্সি অ্যাসেসর স্ক্রিপ্টঃ** এটি অ্যাসেসমেন্ট করার সময় অ্যাসেসর এবং প্রার্থীগণকে যে সকল ধারাবাহিক পদক্ষেপের মধ্য দিয়ে যেতে হয় তার একটি রূপরেখা।
৩. **প্রার্থী গাইডঃ** এতে সেলফ অ্যাসেসমেন্ট গাইড, কম্পিটেন্সি অ্যাসেসমেন্ট এগ্রিমেন্ট এবং প্রার্থীদের জন্য সুনির্দিষ্ট নির্দেশনা থাকে।
৪. **রেটিং শীটঃ** এতে নির্বাচিত অ্যাসেসমেন্ট পদ্ধতিতে প্রস্তুতকৃত নির্দিষ্ট প্রশ্নাবলী এবং কার্যকলাপ সমূহ থাকে। এছাড়াও এতে কিভাবে এবং কি অবস্থায় অ্যাসেসমেন্ট করতে হবে এবং তা রেকর্ড করতে হবে তা উল্লেখ্য থাকে।

অ্যাসেসমেন্ট পরিচালনা করা

অ্যাসেসমেন্টঃ স্বীকৃত কম্পিটেন্সি স্ট্যান্ডার্ডের ভিত্তিতে কম্পিটেন্সি অর্জিত হয়েছে কিনা তার জন্য এভিডেন্স সংগ্রহ করা এবং সিদ্ধান্ত গ্রহণ করার প্রক্রিয়াকে অ্যাসেসমেন্ট বলা হয়।

অ্যাসেসমেন্টের সাথে নিম্নলিখিত বিষয়গুলো জড়িত-

- কোন স্ট্যান্ডার্ড অথবা উদ্দেশ্যগুলো অ্যাসেস করা হবে
- কোন ধরনের এভিডেন্স সংগ্রহ করা সবচেয়ে ভাল
- একজন প্রার্থীর জন্য কোন এভিডেন্সটি সর্বোত্তম
- কোন এভিডেন্সটি অর্জনের সেরা সূচক

অ্যাসেসমেন্টের শ্রেণীবিভাগ, অ্যাসেসমেন্ট দু'প্রকার যথা-

- ফরমেটিভ অ্যাসেসমেন্ট
- সামেটিভ অ্যাসেসমেন্ট

ফরমেটিভ অ্যাসেসমেন্টঃ ফরমেটিভ অ্যাসেসমেন্টের উদ্দেশ্য হলো কম্পিটেন্সি অর্জনের পথে যে কর্মক্ষমতা ও অগ্রগতি সাধিত হয়েছে সে বিষয়ে ফিডব্যাক প্রদানের মাধ্যমে শিখন প্রক্রিয়াকে সহায়তা করা। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষকগণ ফরমেটিভ অ্যাসেসমেন্ট করেন এবং প্রশিক্ষণার্থীর অর্জন সম্পর্কে ফিডব্যাক প্রদান করেন।

সামেটিভ অ্যাসেসমেন্টঃ এই ধরনের অ্যাসেসমেন্টের উদ্দেশ্য হলো একজন প্রশিক্ষণার্থী দক্ষতার স্তরে পৌঁছেছেন কিনা বা স্তরের সকল শিখনফল অর্জন করেছেন কিনা তা নির্ধারণ করা।

এই ধরনের অ্যাসেসমেন্ট স্বীকৃত বা সনদ প্রদানের উদ্দেশ্য ব্যবহার করা হয়। এই ধরনের অ্যাসেসমেন্টকে ফরমাল অ্যাসেসমেন্টও বলা হয়। এর দ্বারা প্রশিক্ষণার্থী কম্পিটেন্ট বা নট ইয়েট কম্পিটেন্সি তা নিশ্চিত করা যায়। এই ধরনের অ্যাসেসমেন্ট শুধুমাত্র প্রশিক্ষণের শেষে সামেটিভ অ্যাসেসমেন্ট অংশ নিতে হবে এমনটি নয়। যারা পূর্বে অর্জিত দক্ষতার স্বীকৃতি পেতে চায় তারা সরাসরি আরপিএল পদ্ধতিতে সামেটিভ অ্যাসেসমেন্ট অংশ নিতে পারেন।

সিবিটিঅ্যান্ডএ পদ্ধতিতে অ্যাসেসমেন্ট প্রক্রিয়ার ধাপ সমূহঃ

১. পরিবেশে ও কর্মক্ষেত্র চেক করতে হবে।
২. প্রার্থীর সাথে পরিচিত হতে হবে।
৩. প্রার্থী কোন অ্যাসেসমেন্টের জন্য এসেছে তা জিজ্ঞাসা করতে হবে।
৪. সেলফ-চেকলিস্ট পূরণ করে নিতে হবে।
৫. অ্যাসেসমেন্ট রেজিস্ট্রেশন প্রসেস সম্পন্ন করতে হবে।
৬. প্রার্থীর নিকট ইভেন্ট ঘোষণা করতে হবে।
